

## পঞ্চদশ অধ্যায়
# পোশাকের পরিচ্ছন্নতা

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. পুরাতন কাদার দাগ তুলতে কোনটি ব্যবহার করা হয়?
(ক) ভিনেগার (খ) স্পিরিট
● অক্সালিক এসিড (ঘ) গিরসারিন

২. পোশাকের কাঠিন্য বজায় রাখতে ভাতের মাড়ের বিকল্প হিসেবে কোনটি ব্যবহার করা যায়?
(ক) এসিটোন ● এরারুট
(গ) বোরাক্স (ঘ) অ্যামোনিয়া

**নিচের উদ্দীপকটি মনোযোগ সহকারে পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
দুপুরে ভাত খাবার সময় হঠাৎ করে খোদেজা বেগমের শাড়িতে অসাবধানতাবশত মাংসের তরকারির ঝোল লেগে যায়। খাবার শেষে তিনি তার শাড়িটি পাল্টিয়ে পরের দিন ধোয়ার জন্য রেখে দেন।

৩. শাড়ির দাগটি তোলার জন্য খোদেজা বেগম প্রাথমিক অবস্থায় কি ব্যবহার করতে পারতেন?
● লেবুর রস (খ) নেলপলিশ রিমুভার
(গ) বরটিং পেপার (ঘ) লবণ

৪. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতি অনুযায়ী পরবর্তীতে দাগটি অপসারণ করতে গেলে খোদেজা বেগমের–
i. অর্থের অপচয় হবে
ii. শাড়িটির গ্রহণযোগ্যতা কমে যেতে পারে
iii. রাসায়নিক অপসারক দ্রব্যের প্রয়োজন হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : দাগ তোলা ■ পৃষ্ঠা - ১৩২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. সুষ্ঠুভাবে পোশাক পরিচ্ছন্নতার কাজটি সম্পন্ন করতে হলে কী অনুসরণ করতে হয়? (জ্ঞান)
● কতকগুলো ধাপ (খ) কতকগুলো নিয়ম
(গ) কতকগুলো বিধান (ঘ) কতকগুলো পদ্ধতি

৬. পোশাক–পরিচ্ছদের অবাঞ্ছিত চিহ্নকে কী বলে? (জ্ঞান)
(ক) রং (খ) ছিদ্র ● দাগ (ঘ) ময়লা

৭. পোশাক–পরিচ্ছদ থেকে দাগ অপসারণের অপসারককে কয়ভাগে ভাগ করা যায়? (জ্ঞান)
● দুই (খ) তিন (গ) চার (ঘ) পাঁচ

৮. কোন অপসারক ব্যবহারে কাপড়ের কোনো ক্ষতি হয় না? (জ্ঞান)
(ক) সোডা (খ) ক্লোরিন ● মৃদু অপসারক (ঘ) উগ্র অপসারক

৯. কোন দাগে কখনো গরম পানি সরাসরি ব্যবহার করতে হয় না? (জ্ঞান)
(ক) কালো দাগ (খ) হলুদ দাগ (গ) রঙিন দাগ ● অজানা দাগ

১০. দাগ দূর হওয়া মাত্র কী করতে হবে? (জ্ঞান)
(ক) পানিতে ভেজাতে হবে ● শুকাতে দিতে হবে
(গ) ছায়ায় রেখে দিতে হবে (ঘ) সাবান দিয়ে ধুতে হবে

১১. সাবান পানিতে কাপড়ের কোন দাগ ওঠে? (জ্ঞান)
(ক) রক্তের দাগ ● কাদার দাগ (গ) লোহার দাগ (ঘ) কফির দাগ

১২. বল পয়েন্ট পেনের দাগ তুলতে কী ব্যবহার করা হয়? (জ্ঞান)
(ক) ঠান্ডা পানি ● এমোনিয়া (গ) লবণ (ঘ) টমেটোর রস

১৩. দাগের উৎস জানতে হবে কেন? (অনুধাবন)
(ক) দাগ ওঠানোর জন্য (খ) দাগের স্থায়িত্ব জানার জন্য
(গ) দাগের ক্ষতিকর দিক জানার জন্য ● সঠিক অপসারক ব্যবহারের জন্য

১৪. যে দাগ ধুলে পরিষ্কার হয় না তা কীভাবে অপসারণ করতে হয়? (অনুধাবন)
সোডা দিয়ে | গোলা লবণ দিয়ে | সাবান দিয়ে | ● বিশেষ পদ্ধতিতে

১৫. রাসায়নিক অপসারক দ্রব্যাদি ব্যবহার করতে হয় কেন? (অনুধাবন)
(ক) ধৌতকরণের জন্য ● পুরাতন দাগ তোলার জন্য
(গ) ইস্ত্রি করার জন্য (ঘ) পানি ঠান্ডা করার জন্য

১৬. মিনুর দশ হাজার টাকার মিহি কাপড়ের শাড়িটিতে দাগ লেগে গেল। মিনুর শাড়ির দাগ ওঠানোর জন্য কী প্রয়োজন? (প্রয়োগ)
● মৃদু অপসারক (খ) উগ্র অপসারক
(গ) শক্ত অপসারক (ঘ) বিশেষ অপসারক

১৭. শরীফার জামায় দাগ লাগলে সে ক্লোরিনের মাধ্যমে তা অপসারণ করল। শরীফা কোন ধরনের অপসারক ব্যবহার করল? (প্রয়োগ)
(ক) মৃদু (খ) নরম ● উগ্র (ঘ) শক্ত

১৮. সুমির কাপড়ে তেলের দাগ লাগলে তার ওপর ব্লটিং পেপার রেখে কাপড় ইস্ত্রি করায় তেল শুষে নেয়। তার পরের পদক্ষেপ কী হতে পারে? (প্রয়োগ)
(ক) লেবু ঘষে নিতে হয় (খ) রোদে শুকাতে হয়
● সাবান–পানি দিয়ে ধুয়ে ফেলতে হয়
(ঘ) দাগযুক্ত স্থানটি ঠান্ডা পানিতে ভিজিয়ে রাখতে হয়

১৯. অপসারক দ্রব্যটি এসিড হলে দাগ উঠনোর পর নিচের কোন কাজটি করা অধিক যুক্তিযুক্ত? (উচ্চতর দক্ষতা)
(ক) ঠান্ডা পানি দিয়ে ধোয়া (খ) রোদে শুকাতে দেওয়া
(গ) গরম পানি দিয়ে ধোয়া ● লঘু ক্ষার দিয়ে প্রশমিত করা

২০. মৃদু অপসারক হিসেবে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত? (উচ্চতর দক্ষতা)
(ক) হাইড্রোক্লোরিক এসিড (খ) গাঢ় অক্সালিক এসিড
(গ) ক্লোরিন ● এমোনিয়া

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২১. কাদার দাগ অপসারণ করা হয়– (অনুধাবন)
i. সাবান পানিতে ii. পটাসিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণে ভিজিয়ে
iii. অক্সালিক এসিডের দ্রবণে ভিজিয়ে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

২২. কাপড় হতে দাগ দূর করতে হলে— (অনুধাবন)
i. তন্তুর প্রকৃতি জানতে হবে ii. দাগের উৎস জানতে হবে
iii. ভালো কর ধুতে হবে
নিচের কোনটি সঠিক?
● i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) ii ও iii

২৩. অপসারক দ্রব্যে কাপড় বেশিক্ষণ ভিজালে— (অনুধাবন)
i. তন্তু দুর্বল হয় ii. রং নষ্ট হয় iii. কাপড় উজ্জ্বল হয়
নিচের কোনটি সঠিক?
● i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

নীল রঙের একটি জামা পরে নাছিমা তার মামার বাড়িতে বেড়াতে গেল। খাওয়া দাওয়া করার সময় তার জামায় দাগ পড়ে গেছে।

**২৪. জামার দাগ দূর করার জন্য অপসারক ব্যবহারের আগে নাছিমার কোন বিষয়টি জানা প্রয়োজন–** (প্রয়োগ)
● অপসারক কাপড়ের রং নষ্ট করবে কিনা
Ⓚ অপসারক কাপড়ের স্থায়িত্ব নষ্ট করবে কিনা
Ⓖ অপসারক কাপড়ের গুণাগুণ নষ্ট করবে কিনা
Ⓖh অপসারকের মূল্য কত

**২৫. নাছিমার জামার দাগ দূর করার জন্য প্রথমে কোনটি ব্যবহার অধিক উপযোগী?** (উচ্চতর দক্ষতা)
● মৃদু অপসারক ⓚ উগ্র অপসারক ⓖ শক্ত অপসারক ⓖh রঙিন অপসারক

## পাঠ ২ : অন্যান্য দাগ তোলা ■ পৃষ্ঠা : ১৩৪

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৬. ফুটন্ত পানি কয় ফুট ওপর থেকে ধীরে ধীরে ঢাললে চা ও কফির দাগ দূর হয়?** (জ্ঞান)
ⓚ ১–২ ● ১–৩ ⓖ ১–৪ ⓖh ১–৫

**২৭. কোন ফলের কষে পোশাকে সাবান ব্যবহার করা নিষেধ?** (জ্ঞান)
● জাম ⓚ আম ⓖ লটকন ⓖh পেয়ারা

**২৮. রেশমি, পশমি ও রঙিন সুতির কাপড় সাবান গোলা পানি দিয়ে ধুয়ে কতভাগ পটাসিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণে পরিষ্কার করা হয়?** (জ্ঞান)
● ১০ ⓚ ১৫ ⓖ ২০ ⓖh ২৫

**২৯. লেখার কালির দাগ লাগলে প্রথমে কী দিয়ে পরিষ্কার করতে হবে?** (জ্ঞান)
অক্সালিড এসিড এমোনিয়া ⓖ বোরাক্স ● সাবান পানি

**৩০. কোন বস্ত্রে দাগ লাগলে হাইড্রোজেন পারঅক্সাইড দ্রবণে ভিজিয়ে স্পঞ্জ করে পরিষ্কার করা যায়?** (জ্ঞান)
ⓚ সুতি ⓚ লিলেন ⓖ সাদা ● রেশমি

**৩১. লোহার দাগ কীভাবে দূর করা যায়?** (অনুধাবন)
● লঘু অক্সারিক এসিড দিয়ে ⓚ গরম পানি ও সাবান দিয়ে
পারঅক্সাইড দ্রবণে ভিজিয়ে হাইড্রোজেন দ্রবণে ভিজিয়ে

**৩২. নতুন ঘামের দাগ দূর করার জন্য নিচের কোনটি অধিক উপযোগী?** (অনুধাবন)
● জামাটি সাবান পানি দিয়ে ধোয়া ⓚ গ্লিসারিন দিয়ে জামাটি ধোয়া
ⓖ গরম পানি দিয়ে জামাটি ধোয়া ⓖh লঘু অ্যামোনিয়া দ্রবণ দিয়ে ধোয়া

**৩৩. দুপুরের আহারের সময় তানজিনার সাদা জামাটিতে তরকারির ঝোল পড়ল। জামার দাগটি দূর করার জন্য তানজিনা কী করবে?** (প্রয়োগ)
● জামাটি সাবান পানি দিয়ে ধোয়া ⓚ জামাটি গ্লিসারিন দিয়ে ধোয়া
ⓖ জামাটি ঠান্ডা পানি দিয়ে ধোয়া ⓖh জামাটি গরম পানি দিয়ে ধোয়া

**৩৪. তমার সুতি জামাটিতে কালির দাগ পড়ল। এরূপ দাগ দূর করার উপায় কোনটি?** (প্রয়োগ)
ⓚ জামাটি ঠান্ডা পানি দিয়ে ধোয়া ⓚ জামাটি গরম পানি দিয়ে ধোয়া
● জামাটি সাবান পানি দিয়ে ধোয়া ⓖh জামাটি লেবুর রস দিয়ে ধোয়া

**৩৫. সুতি কাপড়ে তরকারির ঝোলের দাগ দূর করার জন্য নিচের কোনটি অধিক উপযোগী?** (উচ্চতর দক্ষতা)
ⓚ লেবুর রস দ্রবণে ধোয়া ● সাবান গোলা পানি দিয়ে ধোয়া
ⓖ স্পিরিট দিয়ে ধোয়া ⓖh বোরাক্স দিয়ে ধোয়া

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৬. কাপড়ে লোহার দাগ দূর করতে ব্যবহৃত হয়—** (অনুধাবন)
i. লেবুর রস ii. লবণ iii. স্পিরিট
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**৩৭. সালমার রেশমি কাপড়ে ফলের কষের দাগ লাগার ফলে সে এটি পরিষ্কার করতে ব্যবহার করবে—** (প্রয়োগ)
i. গ্লিসারিন ii. অ্যামোনিয়া iii. সাদা ভিনেগার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও :**

লামিয়ার জামাটিতে দাগ লাগলে সে ফুটন্ত পানি ১–৩ ফুট ওপর থেকে ঢালতে থাকে। এতে দাগটি ওঠে যায়।

**৩৮. লামিয়ার জামায় কোন ধরনের দাগ লেগেছিল?** (প্রয়োগ)
ⓚ কালির দাগ ⓚ ফলের কষ ● কফির দাগ ⓖh লোহার দাগ

**৩৯. অনুচ্ছেদে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (উচ্চতর দক্ষতা)
ⓚ কফির রং গাঢ় করার পদ্ধতি ● কফির দাগ দূর করার পদ্ধতি
ⓖ কালির দাগ দূর করার পদ্ধতি ⓖh লোহার দাগ দূর করার পদ্ধতি

## পাঠ ৩ : ধৌতকরণের পূর্বপ্রস্তুতি ও রেশমি বস্ত্র ধৌতকরণ ■ পৃষ্ঠা - ১৩৫

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪০. বস্ত্র ধৌতকরণ সহজ করার জন্য কী সম্পর্কে জানতে হবে?** (অনুধাবন)
ⓚ রং ● তন্তু ⓖ ডিজাইন ⓖh স্থায়িত্ব

**৪১. কাপড় ধোয়ার পূর্ব প্রস্তুতি হিসেবে কতগুলো ধাপ অনুসরণ করতে হয়?** (জ্ঞান)
ⓚ ৩ ⓚ ৪ ⓖ ৫ ● ৬

**৪২. উচ্চ তাপে শুকালে রেশমি বস্ত্রে কোন রঙের দাগ পড়ে?** (জ্ঞান)
ⓚ সাদা ● হলুদ ⓖ নীল ⓖh কালো

**৪৩. ধৌত কাজে ব্যবহৃত সরঞ্জাম কোনটি?** (অনুধাবন)
● বালতি ও মগ ⓚ ইস্ত্রি ⓖ খেলনা ⓖh বই

**৪৪. সাদা সুতি বস্ত্রকে উজ্জ্বল করার জন্য ব্যবহার করা হয় কোনটি?** (জ্ঞান)
ⓚ মাড় ⓚ ইস্ত্রি ● নীল ⓖh রিঠা

**৪৫. সোডা বা সাবান ব্যবহৃত হয় কোন বস্ত্র ধৌতকরণে?** (জ্ঞান)
● লিনেন ⓚ রেশম ⓖ পশম ⓖh রেয়ন

**৪৬. রেশমি কাপড়ের রং অক্ষুণ্ন হয় কীভাবে?** (অনুধাবন)
ⓚ গরম পানি ব্যবহারের ফলে ⓚ ঠান্ডা পানির ব্যবহারের ফলে
● রিঠা ব্যবহারের ফলে ⓖh সাবান ব্যবহারের ফলে

**৪৭. সিমন্তী তার সাদা জামার লোহার দাগ পরিষ্কার করতে চায়। তবে কাপড় পরিষ্কারের আগে প্রয়োজন–** (অনুধাবন)
● দাগ অপসারণ ⓚ গরম পানির ব্যবহার
ⓖ কাপড় ভিজিয়ে রাখা ⓖh ঠান্ডা পানির ব্যবহার

**৪৮. অর্পিতা সুষ্ঠু ও দক্ষতার সাথে কাপড় ধুতে চায়। এর জন্য প্রয়োজন–** (অনুধাবন)
ⓚ ভালো সাবান কাপড় বেশিক্ষণ ভিজিয়ে রাখা
● পূর্ব পরিকল্পনা ⓖh গরম পানি

**৪৯. তানিশা তার স্কুলের সাদা পোশাক ধবধবে উজ্জ্বল করতে চায়। এ জন্য সে কী ব্যবহার করবে?**
ⓚ সাবান ● নীল ⓖ সোডা ⓖh মাড়

**৫০. কাপড় ধোয়ার আগে ধোয়ার পূর্বপরিকল্পনা গ্রহণের যথার্থ কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
● দক্ষ ও সুষ্ঠুভাবে কাজ সম্পাদন ⓚ সময় অপচয় রোধ
ⓖ কাপড়ের রং ঠিক রাখা ⓖh কাপড় টেকসই করা

**৫১. কাপড় ধোয়ার সময় কাপড় জোরে জোরে আছড়িয়ে ধৌত করলে কাপড়ের ওপর কী প্রভাব পড়ে?** (উচ্চতর দক্ষতা)
● পোশাকের তন্তু ক্ষতিগ্রস্ত হয় ⓚ পোশাকের রং নষ্ট হয়
ⓖ কাপড় ছিঁড়ে যায় ⓖh কাপড় পাতলা হয়ে যায়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫২. পরিষ্কার করার সুবিধার জন্য ময়লার তারতম্য অনুসারে বস্ত্রের শ্রেণিবিভাগ–** (অনুধাবন)
i. অল্প ময়লা বস্ত্রাদি ii. অধিক ময়লা বস্ত্রাদি
iii. সাদা ও রঙিন বস্ত্রাদি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**৫৩. বস্ত্র ধৌতকরণের ধাপগুলো হলো–** (অনুধাবন)
i. কাপড় মেরামত করা ii. দাগ বিমোচন করা
iii. ক্ষার জাতীয় সাবান ব্যবহার করা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**৫৪. কাপড় কাচার সময় প্রয়োজন হয়–** (অনুধাবন)
i. বালতি, গামলা, মগ ii. চামচ পাতিল, ব্রাশ

iii. কাপড় কাচার বোর্ড, সাকশান ওয়াশার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ ii ও iii   গ i ও iii   ● i, ii ও iii

**৫৫. বস্ত্রে অনেক সময় অন্য বস্ত্রের দাগ লেগে যায়। ধোয়ার আগে এটি অপসারণের যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)
i. উক্ত দাগ স্থায়ী হতে পারে   ii. অন্য বস্ত্রে লেগে যেতে পারে
iii. কাপড় ফেঁসে যেতে পারে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৬ ও ৫৭ নং প্রশ্নের উত্তর দাও :**
সোমা কাপড় সুষ্ঠুভাবে ধোয়ার জন্য কিছু নিয়মনীতি অনুসরণ করে। কেননা একেক বস্ত্র একেকভাবে যত্ন নিতে হয়।

**৫৬. সোমার সুষ্ঠুভাবে কাপড় ধোয়ার জন্য কী প্রয়োজন** (প্রয়োগ)
● পূর্ব পরিকল্পনা   খ ভালো সাবান
গ ভালো আবহাওয়া   ঘ ভালো ওয়াশিং মেশিন

**৫৭. সোমা যে পদ্ধতিতে কাপড় ধোয় তাতে–** (উচ্চতর দক্ষতা)
i. ধোয়ার কাজটি সহজ হয়   ii. কাপড় ভালো থাকে
iii. সময় বেশি লাগে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

## পাঠ ৪ : পশমি বস্ত্র ধৌতকরণ ■ পৃষ্ঠা - ১৩৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৮. কোন বস্ত্র অপেক্ষাকৃত মূল্যবান?** (জ্ঞান)
ক সুতি   খ লিনেন   ● পশমি   ঘ নাইলন

**৫৯. হাতে বোনা পশমি কাপড় কোন প্রকৃতির হয়?** (জ্ঞান)
● নমনীয়   খ স্পর্শকাতর   গ শক্ত   ঘ চকচকে

**৬০. কোন বস্ত্র ঝেড়ে ফেললে আলগা ময়লা দূর হয়ে যায়?** (জ্ঞান)
ক রেশম   ● পশম   গ রেয়ন   ঘ নাইলন

**৬১. পশমি বস্ত্র ধোয়ার জন্য পানির উষ্ণতা কত হওয়া দরকার?** (জ্ঞান)
ক ৮০° ফা.   খ ৯০° ফা.   ● ১০০° ফা.   ১২০° ফা.

**৬২. পশমি বস্ত্র কেন নষ্ট হয়?** (অনুধাবন)
● অসাবধানতার জন্য   খ শুকানোর জন্য
গ সাবানের জন্য   ঘ পানির জন্য

**৬৩. ধোয়ার আগে পশমি বস্ত্রের নকশা একে নিলে কী সুবিধা হয়?** (অনুধাবন)
ক রং ঠিক থাকে   ● আকৃতি ঠিক থাকে
গ জায়গা ঠিক থাকে   ঘ প্রকৃতি ঠিক থাকে

**৬৪. পশমি বস্ত্র শক্ত হয় কেন?** (অনুধাবন)
● অনেকক্ষণ ভিজিয়ে রাখার ফলে   খ সাবানের জন্য
গ হ্যাঙ্গারের জন্য   ঘ পানির জন্য

**৬৫. সুমন তার পশমি জামা পরিষ্কার করতে চায়। এর জন্য তার কী প্রয়োজন?** (প্রয়োগ)
● সাবধানতা অবলম্বন   খ পরিষ্কার পানি
গ ধোয়ার আধুনিক যন্ত্র   ঘ দামি সাবান

**৬৬. মিলনের বস্ত্রটি নমনীয়। ধোয়ার পর তা সংকুচিত হয়ে গেছে। নিচের কোনটির সাথে বস্ত্রটির সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
● পশমি   খ সুতি   গ রেশমি   ঘ লিলেন

**৬৭. পশমি বস্ত্র সাবধানতার সাথে পরিষ্কার করা প্রয়োজন। এর যথার্থ কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
● নষ্ট হতে পারে   খ শক্ত হতে পারে   নমনীয় হতে পারে   ঘ রঙিন হতে পারে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৮. পশমি বস্ত্র বেশিক্ষণ পানিতে ভিজিয়ে রাখলে—** (অনুধাবন)
i. কাপড় শক্ত হয়ে যায়   ii. কাপড় সংকুচিত হয়ে যায়
iii. কাপড় ভালো পরিষ্কার হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

**৬৯. ধোয়া পশমি বস্ত্রের আকৃতি নষ্ট হয়—** (অনুধাবন)
i. দড়িতে টাঙ্গালে   ii. হ্যাঙ্গারে ঝোলালে
iii. ছায়াযুক্ত স্থানে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

**৭০. পশমি বস্ত্র থেকে পানি বের করতে হয়–** (উচ্চতর দক্ষতা)
i. হাত দিয়ে নিংড়িয়ে   ii. তোয়ালে দিয়ে পেঁচিয়ে
iii. দু'হাতের তালু দিয়ে চাপ দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   ● i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭১ ও ৭২ নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' নামক বস্ত্র সাধারণত ধোয়ার জন্য হালকা গরম পানি ব্যবহার করতে হয়। বেশি গরম ও বেশি ঠাণ্ডা উভয় প্রকার পানিই এসব বস্ত্রের জন্য অনুপযোগী।

**৭১. অনুচ্ছেদের 'ক' বস্ত্রটির সাথে সাদৃশ্য রয়েছে কোন বস্ত্রের?** (প্রয়োগ)
ক রেশমি   খ সুতি   ● পশমি   ঘ লিনেন

**৭২. অনুচ্ছেদে আলোচিত বস্ত্র তাড়াতাড়ি ধুয়ে ফেলার যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)
i. বস্ত্র শক্ত হয়ে যেতে পারে   ii. বস্ত্র সংকুচিত হয়ে যেতে পারে
iii. বস্ত্রের রং উঠে যেতে পারে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

## পাঠ ৫ : মাড় দেওয়া ■ পৃষ্ঠা - ১৩৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৩. স্টার্চ কী?** (জ্ঞান)
ক আমিষ জাতীয় পদার্থ   ● শ্বেতসার জাতীয় পদার্থ
গ স্নেহজাতীয় পদার্থ   ঘ শর্করা জাতীয় পদার্থ

**৭৪. কাপড়ে কাঠিন্য আনার জন্য কোন পদার্থ ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ক তরল   ● শ্বেতসার   গ কঠিন   ঘ বায়বীয়

**৭৫. প্রচলিত মাড় কোনটি?** (অনুধাবন)
● ভাতের মাড়   খ এরারুট   গ ময়দা   ঘ গদের কলপ

**৭৬. মাড়ের ঘনত্ব কতটা হবে তা কাসের ওপর নির্ভর করে?** (জ্ঞান)
ক যে মাড় দিবে তার ওপর   ● কাপড়ে কতটা কাঠিন্য আনা হবে তার ওপর
গ নীলের ওপর   ঘ পোশাকের সৌন্দর্যের ওপর

**৭৭. ঠাণ্ডা মাড় পোশাকে ব্যবহার করতে হয় কেন?** (অনুধাবন)
● এতে মাড় পোশাকে ধরে ও পোশাকের রং ভালো থাকে
খ রঙিন পোশাকের রং নষ্ট করে বলে
গ পোশাকে মাড় কম ধরে বলে
ঘ গন্ধ হয় না বলে

**৭৮. এরারুট কিংবা ময়দা দিয়ে কীভাবে মাড় তৈরি করে নেওয়া যায়?** (অনুধাবন)
ক ঠাণ্ডা পানিতে ভিজিয়ে রেখে   ● ঠাণ্ডা পানিতে গুলে জ্বাল দিয়ে
গ গরম পানিতে ভিজিয়ে রেখে   ঘ গরম পানিতে গুলে জ্বাল নিয়ে

**৭৯. পোশাকে মাড় প্রয়োগ করার কারণ কী?** (অনুধাবন)
● কাঠিন্য ও চকচকে ভাব আনা   খ পোশাককে একদম নতুন দেখানো
গ কাপড় যাতে ময়লা না হয়   ঘ পোশাক যাতে কুঁচকে না যায়

**৮০. মিলি তার পোশাকের চাকচিক্য ও ঔজ্জ্বল্য বৃদ্ধি করতে চায়। এ জন্য সে কী করবে?** (প্রয়োগ)
ক পোশাক ধৌত করবে   খ ইস্ত্রি করবে
● মাড় প্রয়োগ করবে   ঘ ভাঁজ করে রেখে দিবে

**৮১. পোশাকে মাড় দিতে হয় কীভাবে?** (অনুধাবন)
ক সোজা করে   খ ভাঁজ করে   ● উল্টো করে   ঘ চুবিয়ে

**৮২. মাড় প্রয়োগের পর পোশাকটি ভালোমতো শুকিয়ে না নিলে এর ফলাফল কী হতে পারে?** (উচ্চতর দক্ষতা)
ক পোশাকের রং ভালো থাকবে   ● খারাপ গন্ধ সৃষ্টি হতে পারে
গ ইস্ত্রি করতে কষ্ট হতে পারে   ঘ কাঠিন্য আসবে না

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৩. রেহেনা তার কাপড়ের উজ্জ্বলতা বৃদ্ধি করতে চাইলো। সে ব্যবহার করবে—** (উচ্চতর দক্ষতা)

i. ময়দা ii. ডিটারজেন্ট iii. ভাতের মাড়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮৪. কাপড়ে মাড় প্রয়োগের ফলে–** (অনুধাবন)

i. চাকচিক্য বাড়ে ii. ময়লা লাগায় বাধা দেয়
iii. পোশাকে নতুনত্ব ফিরে আসে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৫. পরিমাণমতো ও সঠিক নিয়মে মাড় প্রয়োগ করায় অর্পার নরম পোশাকে—** (প্রয়োগ)

i. কাঠিন্য ফিরে আসবে ii. নতুনত্ব ফিরে আসবে
iii. পোশাকের সৌন্দর্য বাড়বে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৬ ও ৮৭নং প্রশ্নের উত্তর দাও :**

তিশা কাপড়ে মাড় প্রয়োগের সঠিক নিয়ম জানতো না। সে তার পোশাকে মাড় প্রয়োগের ফলে পোশাকটি অনেক ভারী হয়ে যায় ও তার সাদা পোশাকে ছোট ছোপ দাগ পড়ে।

**৮৬. তিশার পোশাকে দাগ পড়ল কেন?** (প্রয়োগ)

ক ছেকে নেয়নি বলে খ মাড় ঘন ছিল বলে
গ রোদে শুকায়নি বলে ● নীল দেওয়া হয়নি বলে

**৮৭. তিশার পোশাকটি ভারী হবার কারণ—** (উচ্চতর দক্ষতা)

i. পোশাকটি ভারী ছিল ii. মাড় বেশি ঘন ছিল
iii. পোশাকটি রঙিন ছিল

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

# পাঠ ৬ : ইস্ত্রি করা ■ পৃষ্ঠা - ১৪১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৮. পোশাক ধৌতকরণের পর তা কেমন হয়?** (অনুধাবন)

ক চকচক করে ● কুঁচকিয়ে যায় গ ময়লা দেখায় ঘ উজ্জ্বল্য বৃদ্ধি পায়

**৮৯. নিচের কোনটি পুরাতন মডেলের ইস্ত্রি?** (জ্ঞান)

● কয়লার ইস্ত্রি খ লোহার পাতের ইস্ত্রি
গ ইলেকট্রিক ইস্ত্রি ঘ ওয়াশিং মেশিন

**৯০. লোহার পাতের ইস্ত্রি দিয়ে কাপড় ইস্ত্রি করার সময় কী দিয়ে হাতল ধরতে হয়?** (জ্ঞান)

ক পানি খ পাতলা কাপড় ● মোটা কাপড় ঘ সিনথেটিক কাপড়

**৯১. কার সাহায্যে অল্পসময়ে সবধরনের অনেক পোশাক ইস্ত্রি করা যায়?** (জ্ঞান)

ক ওয়াশিং মেশিন খ কয়লার ইস্ত্রি
গ লোহার পাতের ইস্ত্রি ● ইলেকট্রিক ইস্ত্রি

**৯২. পোশাক ইস্ত্রি করার আগে কী করতে হয়?** (অনুধাবন)

● ভাঁজ করে নিতে হয় খ পানিতে ভিজিয়ে রাখতে হয়
গ সাবান ঘষে রাখতে হয় ঘ স্টার্চ দিতে হয়

**৯৩. স্লিভ বোর্ড প্রয়োজন হয় কেন?** (অনুধাবন)

ক কাপড়ে মাড় দেওয়ার জন্য খ কাপড় ভাঁজ করার জন্য
● কাপড় ইস্ত্রি করার জন্য ঘ কাপড় নকশা করার জন্য

**৯৪. আঞ্জুমান আরা বেগম কাপড়ের ভাঁজ ও কুঞ্চন দূর করতে চান। এ জন্য তাকে কী করতে হবে?** (প্রয়োগ)

ক মাড় প্রয়োগ খ কাপড় ধৌতকরণ
গ থুপে থুপে কাপড় কাচা ● ইস্ত্রির মাধ্যমে তাপ ও চাপ প্রয়োগ

**৯৫. রাবেয়া তার অনেক কাপড় খুব অল্পসময়ে ইস্ত্রি করেছে। এখানে কোন ইস্ত্রির সাথে তার ইস্ত্রির মিল পাওয়া যায়?** (প্রয়োগ)

ক কয়লার ইস্ত্রি খ লোহার পাতের ইস্ত্রি
গ পুরাতান মডেলের ইস্ত্রি ● ইলেকট্রিক ইস্ত্রি

**৯৬. সেতু কয়লার ইস্ত্রি দিয়ে কাপড় ইস্ত্রি করার সময় কাপড় পুড়ে ফেলে। এর কারণ নিচের কোনটি?** (উচ্চতর দক্ষতা)

● এই ইস্ত্রিতে উত্তাপ নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই খ এটা অতি পুরাতন মডেলের ইস্ত্রি
গ এটি বাক্সের মতো ঘ এতে তাপ হয় না

**৯৭. কয়লার ইস্ত্রি দিয়ে ইস্ত্রি করার সময় সচেতন থাকতে হয়। এর যথার্থ কারণ কী?** (উচ্চতর দক্ষতা)

● জ্বলন্ত কয়লা বের হয়ে যেতে পারে খ কারেন্ট শক্ড করতে পারে
গ ইস্ত্রি বেশি গরম হয়ে যেতে পারে ঘ কাপড় ছিঁড়ে যেতে পারে

**৯৮. ভাঁজে ভাঁজে গরম ইস্ত্রির চাপ পড়ার ফলে কী হয়?** (উচ্চতর দক্ষতা)

ক অমসৃণ হয় ● তাড়াতাড়ি মসৃণতা আসে
গ কাপড় পুড়ে যায় ঘ ইস্ত্রি নষ্ট হয়ে যায়

**৯৯. ইলেকট্রিক ইস্ত্রি ব্যবহারের ফলাফল কী?** (উচ্চতর দক্ষতা)

● অল্পসময়ে বেশি পোশাক ইস্ত্রি করা যায় খ কাপড়ে কালি লেগে যায়
গ কাপড় পুড়ে যায় ঘ কাপড় অমৃসণ হয়ে যায়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০০. লোহার পাতের ইস্ত্রিতে–** (অনুধাবন)

i. তাপ নিয়ন্ত্রণ করা যায় না ii. চুলার ওপর রেখে উত্তপ্ত করতে হয়
iii. কয়লা ভরতে হয়

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১০১. নিপা তার বাবার দেয়া রেশমি বস্ত্র পরিষ্কার করে ইস্ত্রি করবে—**

i. কিছুটা শুকনো অবস্থায় ii. কিছুটা ভেজা অবস্থায়
iii. উল্টো দিকে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১০২. লোহার পাতের ইস্ত্রি দিয়ে ইস্ত্রি করার সময় কালি লেগে যাওয়ার সম্ভাবনা থাকে। এর যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)

i. এতে কয়লা ব্যবহার করা হয় বলে
ii. গ্যাসের চুলার ওপর বসিয়ে ইস্ত্রি গরম করা হয় বলে
iii. কেরোসিনের চুলার ওপর বসিয়ে এ ইস্ত্রি গরম করা হয় বলে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১০৩. পোশাক ইস্ত্রির ফলে—** (অনুধাবন)

i. পোশাকের সৌন্দর্য বাড়ে ii. পোশাক মসৃণ হয়
iii. পোশাকের পারিপাট্য বাড়ে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৪ ও ১০৫ নং প্রশ্নের উত্তর দাও :**

নেহা ইলেকট্রিক ইস্ত্রির সাহায্যে তার বাবার কাপড় ইস্ত্রি করে। এতে কাপড়ের ঔজ্জ্বল্য বেড়ে যায়। তারপর সে এই ইস্ত্রি করা কাপড় যথাস্থানে সংরক্ষণ করে।

**১০৪. নেহার পোশাক সংরক্ষণ করার ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?** (প্রয়োগ)

● ইস্ত্রি করার পর বাতাসে শুকিয়ে খ ভাঁজ করা অংশ বারবার ইস্ত্রি করে
ঘ ইস্ত্রি করার সাথে সাথে যথাস্থানে রেখে ঘ ইস্ত্রি করার পর ভাঁজ নষ্ট করে

**১০৫. নেহা ইলেকট্রিক ইস্ত্রি ব্যবহার করে কাপড় ইস্ত্রি করে এর যৌক্তিক কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)

i. এটি বিদ্যুৎচালিত
ii. ব্যবহারে অত্যন্ত সুবিধাজনক
iii. অল্পসময়ে সব তন্তুর পোশাক ইস্ত্রি করা যায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সায়মা আহম্মেদ সব সময় মাথায় মেহেদী ব্যবহার করেন। একদিন তার জামায় মেহেদীর রঙ লেগে গেলে তিনি সেটিকে ডিটারজেন্ট দিয়ে ভিজিয়ে রাখেন। জামাটির সাথে সাদা সুতি শাড়ি ও অধিক ময়লাযুক্ত বিছানার চাদরটিও ভিজিয়ে রাখেন। কাপড়গুলো ধোয়ার পর দেখা গেল তার শাড়িটিতে জামার মেহেদীর রং লেগে পরার অনুপযোগী হয়ে পড়েছে।

ক. রেশম তন্তুর তৈরি পোশাকের ৰেত্রে কোন মাড় বেশি উপযোগী?
খ. কাপড়ে মাড় দিতে হয় কেন?
গ. সায়মা আহমেদের জামাটি থেকে দাগ অপসারণের উপায় ব্যাখ্যা করো।
ঘ. পরিচ্ছদের পরিচ্ছন্নতা রৰায় সায়মা আহমেদ কি যথেষ্ট জ্ঞান রাখেন? তোমার উত্তরের সপৰে যুক্তি প্রদর্শন করো।

### ১নং প্রশ্নের উত্তর

ক. রেশম তন্তুর তৈরি পোশাকের ৰেত্রে হালকা মাড় বেশি উপযোগী।

খ. পোশাকের চাকচিক্য ও ঔজ্জ্বল্য বৃদ্ধির জন্য কাপড়ে মাড় দিতে হয়। কাপড়ে মাড় দেওয়ার ফলে নরম পোশাকে কাঠিন্য ও নতুনত্ব ফিরে আসে। মাড়ের আস্তরণ পোশাকে ময়লা লাগায় বাধা সৃষ্টি করে। পোশাকের আরাম, সৌন্দর্য ও পরিপাট্য বাড়ায়।

গ. সায়মা আহমেদকে তার জামা থেকে মেহেদীর রং তুলতে দাগ তোলায় সঠিক পদ্ধতি ব্যবহার করতে হবে। কারণ ঘরে, বাইরে, কর্মস্থলে আনুষ্ঠানিকতায় আমরা নানা ধরনের পোশাক পরিধান করি। একটি পোশাক কয়েকবার পরলে ঘাম–ধুলা–বালিতে অপরিষ্কার হয়ে যায়। কখনো বা অসাবধানতাবশত রং, কালি, ময়লা ইত্যাদির দাগ লেগে যায়। পোশাক ধুয়ে পরিষ্কার করার পূর্বেই দাগটি কিসের তা শনাক্ত করে অপসারণের সঠিক উপায় অবলম্বন করতে দাগটি দ্রবত তুলে নিতে হয়। উদ্দীপকে মেহেদীর রং লেগেছে। এই দাগ ওঠাতে গরম পানি দেওয়া উচিত নয়। এ জন্য সায়মা আহম্মেদকে প্রথমে ঠান্ডা পানি দিয়ে ঘষে নিতে হবে। তারপর ভিনেগার বা গিরসারিন লাগাতে হবে। তাতেও যদি দাগ না যায়, তাহলে হাইড্রোজেন পার অক্সাইড কিংবা রোবাক্স পাউডার প্রয়োগ করতে হবে।

ঘ. পরিচ্ছেদের পরিচ্ছন্নতা রৰায় সায়মা আহমেদ যথেষ্ট জ্ঞান রাখেন না। তিনি মেহেদী মাথায় দেওয়ার আগে তার পরিধেয় পোশাকটি যাতে নষ্ট না হয় এ জন্য আলাদা কোনো অ্যাপ্রোণ বা ওড়না বা কাপড় ব্যবহার করেননি। এমনকি দাগ লেগে যাওয়া কাপড়টি আলাদা না রেখে তার সাথে একটি সাদা সুতি শাড়ি ও অধিক ময়লাযুক্ত বিছানার চাদরটিও ভিজিয়ে রাখেন। এতে করে জামা থেকে মেহেদীর রং সাদা সুতি কাপড়ে লেগে যায়। তাছাড়া কম ময়লাযুক্ত কাপড় ও অধিক ময়লাযুক্ত কাপড়ও তিনি আলাদা করে ধৌত করেননি। কাপড়ে রং লাগলে যে উপায় অবলম্বন করা হয় তিনি তা ব্যবহার না করে সব কাপড়ের জন্য একই ডিটারজেন্ট পাউডার ব্যবহার করেছেন। সুতির শাড়িটি যে সাদা এটাতে যে সহজেই অন্য কাপড় থেকে ময়লা লেগে দাগ বসে যেতে পারে তাও তিনি জানেন না। এ সকল দিক বিবেচনা করে বলা যায় যে পোশাকের পরিচ্ছন্নতা রৰায় সায়মা আহমেদ যথেষ্ট জ্ঞান রাখেন না।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সারা ৭ম শ্রেণির ছাত্রী। তার পোশাক সব সময় তার মা ধুয়ে ইস্ত্রি করে দেন। দীর্ঘদিন ব্যবহারের পরও তার কাপড়গুলোকে নতুনের মতো দেখায়। কয়েক দিন যাবত মা অসুস্থ। তাই এ সপ্তাহে ছুটির দিনে সারা নিজেই তার সাদা রঙের সুতি কাপড়ের স্কুল ড্রেসটি ডিটারজেন্ট ব্যবহার করে ধুয়ে শুকাতে দেয়। কিন্তু ধোয়ার পর তার ড্রেসটি পরিষ্কার হলেও তত সাদা হলো না। তার ধোয়া কাপড়গুলো ইস্ত্রি করার পর একটি নাইলনের ওড়না ইস্ত্রি করার সময় সেটি পুড়ে যায়। পরবর্তিতে সারা অন্য আরেকটি জামা ইস্ত্রি করতে গেলে সেটিতেও দাগ লেগে যায়।

ক. বল পয়েন্ট কলমের দাগ তুলতে কী ব্যবহার করা হয়?
খ. কাপড় ধোয়ার পূর্বে পোশাকের দাগ অপসারণ করতে হয় কেন?
গ. কাপড় ধোয়ার সময় প্রয়োজনীয় কোন উপকরণটি সারা ব্যবহার করে নাই? ব্যাখ্যা করো।
ঘ. কাপড় ইস্ত্রির নিয়মগুলো সারা যথাযথভাবে অনুসরণ করে নাই –বিশেরষণ করো।

### ২নং প্রশ্নের উত্তর

ক. বল পয়েন্ট কলমের দাগ তুলতে মেথিলেটেড স্পিরিট ব্যবহার করা হয়।

খ. কাপড় ধোয়ার পূর্বে পোশাকের দাগ অপসারণের কারণ হলো দাগটি যেন স্থায়ীভাবে বসতে না পারে। এক পোশাকের দাগ অন্য পোশাকে যেন না লাগে। পোশাকের রং ও তন্তু যেন ঠিক থাকে।

গ. কাপড় ধোয়ার সময় সারা নীল ও মাড় ব্যবহার করেননি। কাপড় ধোয়ার পর তাতে কাঠিন্য ও চকচকে ভাব আনার জন্য নীল ও মাড় ব্যবহার করা হয়। কারণ ধোয়া পরিষ্কার কাপড়ে পরিমাণ মতো এবং সঠিক নিয়মে নীল ও মাড় প্রয়োগ করলে কাপড়ের চাকচিক্য ও ঔজ্জ্বল্য বৃদ্ধি পায়, কাপড়ে কাঠিন্য ও নতুনত্ব ফিরে আসে, কাপড়ের সৌন্দর্য ও পারিপাট্য বৃদ্ধি পায়। কালো ও সাদা পোশাকের ৰেত্রে ঠান্ডা পানিতে নীল গুলে পুরো মাড়ে মিশিয়ে নিলে কাপড়ে সাড়ের ছোপ ছোপ দেখা যায় না এবং উজ্জ্বলতা বাড়ে। উদ্দীপকে সারার মা সব সময় সারার স্কুল ড্রেস ধুয়ে ইস্ত্রি করে দেন। কিন্তু মা অসুস্থ বলে এ সপ্তাহের ছুটির দিনে সে নিজেই তার ড্রেসটি ডিটারজেন্ট দিয়ে ধুয়ে শুকাতে দেয়। ডিটারজেন্ট দিয়ে ধোয়ার কারণে তার ড্রেসটি পরিস্কার হলেও তাতে কাঠিন্য ও চকচকে ভাব ছিল না। কারণ পোশাকে এরূ প ভাব আনার জন্য নীল ও মাড় প্রয়োজন যা সে কাপড় ধোয়ার সময় ব্যবহার করেনি।

ঘ. সারা কাপড় ইস্ত্রি করার নিময়গুলো যথাযথভাবে অনুসরণ করেনি। কাপড় ধোয়ার পর রোদে শুকালে কাপড় কুঁচকে যায়। এতে কাপড়ের উজ্জ্বলতা হারায়। কাপড়ের সৌন্দর্য ও পরিপাটি বৃদ্ধির জন্য পোশাক ইস্ত্রি করার আগেই ভাঁজ করে নিতে হয়। ইস্ত্রি করার পূর্বেই ইস্ত্রিটিতে কোনো কিছু লেগে থাকলে পরিষ্কার করে নিতে হয়। তা না হলে পোশাকে দাগ লেগে যেতে পারে। পোশাকের তন্তুর ধরন অনুযায়ী উত্তাপ নিয়ন্ত্রণ করতে হবে। ভাঁজ করা অংশে বারবার ইস্ত্রি করতে হবে, যাতে ভেজা না থাকে। উল, পশমি পোশাকের উপর পাতলা কাপড় বিছিয়ে নিয়ে ইস্ত্রি করতে হয়। উদ্দীপকের সারা উপরে উলিরখিত নিয়ম অনুসরণ না করার কারণেই ওড়নাটি পুড়ে যায় এবং জামাটিতে দাগ পড়ে। তাই বলা যায় যে, কাপড় ইস্ত্রি করার নিয়মগুলো সারা যথাযথভাবে অনুসরণ করেনি কথাটি সঠিক।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রনো ও রাতুল দুই বন্ধু। তারা দুজনে নতুন পোশাক পরে বাইরে খেলতে যায়, কিন্তু অসাবধানতাবশত তাদের কাপড়ে দাগ লেগে যায়। রনো বাড়িতে গিয়ে কাপড় পরিষ্কার করল। কিন্তু রাতুল অপরিষ্কার কাপড়টি খুলে রেখে দিল। [বাংলাদেশ মহিলা সমিতি স্কুল, চট্টগ্রাম]

ক. স্টার্চ কী?

খ. কীভাবে পোশাকে দাগ লেগে যায়? ২

গ. রনো বাড়িতে গিয়ে তার পোশাক পরিষ্কার করার জন্য যেসব সতর্কতা অবলম্বন করেছিল তা চিহ্নিত কর। ৩

ঘ. রাতুলের অপরিষ্কার কাপড়টি খুলে রাখার ফলাফল কী হতে পারে? মতামত দাও।

### ৩নং প্রশ্নের উত্তর

ক. পোশাকে কাঠিন্য আনার জন্য যা কিছুই ব্যবহার করা হয় তা–ই স্টার্চ।

খ. পোশাক পরিচ্ছদের যে কোনো ধরনের অবাঞ্ছিত চিহ্নকেই দাগ হিসেবে গণ্য করা হয়। অসাবধানতাবশত কাজ করতে গিয়ে পোশাকে দাগ লেগে যায়। যেমন–কালির দাগ, চা–কফির দাগ, কাদার দাগ, হলুদের দাগ, লোহার দাগ ইত্যাদি।

গ. রনো বাড়িতে গিয়ে তার পোশাক পরিষ্কার করেছিল। পোশাক পরিষ্কারের জন্য যেসব সতর্কতা সে অবলম্বন করেছিল তা নিচে চিহ্নিত করা হলো :

১. রনো তার পোশাকের পকেট এবং বিভিন্ন ভাঁজ ভালোভাবে ঝেড়ে দেখেছিল।
২. অপরিচ্ছন্ন পোশাকে কিসের দাগ লেগেছিল তা শনাক্ত করেছিল।
৩. পোশাকের কোথাও ছিঁড়েছে কিনা, তা দেখেছিল।
৪. পরিচ্ছন্নতার বিভিন্ন সাজ–সরঞ্জামের ব্যবস্থা করেছিল।
৫. কাপড়ের দাগ তুলে তা ধৌত করে রোদে শুকাতে দিয়েছিল।
৬. কাপড় শুকিয়ে গেলে তা ভাঁজ করে ভালো করে সংরক্ষণ করেছিল।

এভাবেই রনো সতর্কতার সাথে কাপড় পরিষ্কার করেছিল।

ঘ. রাতুলের অপরিষ্কার কাপড়টি সে বাড়িতে গিয়ে খুলে রেখে দিল। সে তা ধৌত বা পরিষ্কার করল না। এর ফলে তার কাপড়ের ওপর যে প্রভাব পড়তে পারে তা নিচে বর্ণনা করা হলো :

১. রাতুলের পোশাকে দাগ স্থায়ীভাবে বসে যেতে পারে।
২. তার পোশাকের রং নষ্ট হয়ে যেতে পারে।
৩. নতুন পোশাকটির স্বাভাবিক ঔজ্জ্বল্য কমে যেতে পারে।
৪. পোশাকটি অমসৃণ হয়ে যেতে পারে।
৫. তার পোশাকে ময়লা জমে যেতে পারে।
৬. ফেলে রাখার কারণে তার পোশাকটি কুঁচকে যেতে পারে।
৭. পোশাকটি তার সৌন্দর্য হারাতে পারে।
৮. পোশাকের তন্তু ক্ষতিগ্রস্ত হতে পারে।
৯. পোশাকটি ব্যবহারের অযোগ্য হয়ে পড়তে পারে।
১০. নতুন পোশাক কিনতে অর্থের অপচয় হতে পারে।

রাতুল তার অপরিষ্কার কাপড়টি খুলে রাখায় উপরিউক্ত কয়েকটি সবগুলো সমস্যা দেখা দিতে পারে।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শুভ্রা সব সময় সুতি কাপড় ব্যবহার করেন। একদিন মাংস কাটার সময় তার কাপড়ে রক্তের দাগ লাগলে তিনি মৃদু অপসারক ব্যবহার করে তা তুলে ফেলেন। আরেকদিন কিছু লেখার সময় হঠাৎ তার কাপড়ে কলমের কালির দাগ লেগে যায়। তার বান্ধবী তৌফিকা তাকে কালির দাগ তুলতে হাইড্রোজেন পার অক্সাইড ব্যবহার করাতে বলেন। কিন্তু শুভ্রা তা না করে মেথিলেটেড স্পিরিট, লঘু অক্সালিক এসিড ও তুলার বল ব্যবহার করল।

ক. বস্ত্র ধৌতকরণের পূর্বে জরুরি কাজ কোনটি? ১

খ. পোশাকের দাগ বলতে কী বোঝায়? ২

গ. শুভ্রা কীভাবে রক্তের দাগ অপসারণ করল? বর্ণনা কর। ৩

ঘ. দাগ অপসারণে শুভ্রা ও তৌফিকার মধ্যে কার পদ্ধতিটি সঠিক? বিশ্লেষণ কর। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

ক. বস্ত্র ধৌতকরণের পূর্বে জরুরি কাজ হলো দাগ অপসারণ।

খ. কখনও কখনও পোশাক পরিচ্ছদে এমন কিছু চিহ্ন বা রং দেখা যায় যেগুলো সাধারণভাবে ধুলে পরিষ্কার হয় না। পোশাক পরিচ্ছদে এ ধরনের অবাঞ্ছিত চিহ্নকেই দাগ বলে।

গ. শুভ্রা রক্তের দাগ অপসারণের সঠিক পদ্ধতি অনুসরণ করে তার কাপড় থেকে রক্তের দাগ অপসারণ করল। রক্তের দাগ তোলার সঠিক পদ্ধতিটি হলো সুতি ও লিনেন বস্ত্রে রক্তের দাগ লাগলে দাগযুক্ত স্থানটি কিছুক্ষণ ঠান্ডা পানিতে ভিজিয়ে রাখতে হয়। তারপর মৃদু সাবান গোলা পানি দিয়ে ধুয়ে পারিষ্কার করতে হয়। কিন্তু পরিষ্কার করার পরও যদি দাগটি না ওঠে তাহলে লঘু এমোনিয়ার দ্রবণে কাপড়টি কিছুক্ষণ ভিজিয়ে রাখলে দাগ ওঠে যায়। উদ্দীপকে মাংস কাটার সময় শুভ্রার পরনে থাকা সুতি কাপড়ে রক্তের দাগ লাগলে সে প্রথমে তার কাপড়টি ঠান্ডা পানিতে ভিজিয়ে রেখে সাবান গোলা পানি দিয়ে পরিষ্কার করে। কিন্তু দাগ পুরোপুরি না ওঠায় সে তার কাপড়টি লঘু এমোনিয়ার দ্রবণে ভিজিয়ে রাখে। তারপর পরিষ্কার পানি দিয়ে ধুয়ে নেয়। এতে তার কাপড় থেকে রক্তের দাগ পুরোপুরি ওঠে যায়।

ঘ. দাগ অপসারণে শুভ্রা ও তৌফিকার মধ্যে শুভ্রার পদ্ধতিটিই সঠিক। কারণ পোশাক পরিচ্ছদ হতে দাগ অপসারণ বস্ত্র ধোয়ার পূর্বশর্ত। আর এই শর্ত পূরণ করতে বস্ত্রের তন্তুর ধরন, দাগের উৎস ইত্যাদি জেনে উপযুক্ত অপসারক ব্যবহার করা অপরিহার্য। উদ্দীপকে কিছু লেখার সময় হঠাৎ কলমের দাগ শুভ্রার পরনে থাকা সুতি কাপড়ে লেগে যায়। কাপড় থেকে কালির দাগ অপসারণ করতে শুভ্রার বান্ধবী তৌফিকা শুভ্রাকে হাইড্রোজেন পার অক্সাইড ব্যবহার করতে বলেন। কিন্তু হাইড্রোজের পার অক্সাইড কালি দাগ অপসারণ করতে পারে না। তাই তৌফিকার পদ্ধতি সঠিক নয়। কিন্তু শুভ্রা তৌফিকার কথা না শুনে মেথিলেটেড স্পিরিট, লঘু অক্সালিক এসিড ও তুলার বল ব্যবহার করেন। এতে তার কাপড় থেকে কালির দাগ সহজেই ওঠে যায়। তাই শুভ্রার পদ্ধতিটিই সঠিক।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সুমি রেশমি বস্ত্রের একটি জামা পরে বান্ধবীর বাসায় বেড়াতে গেল। সেখানে কফি খাওয়ার সময় বান্ধবীর ছোট ভাইয়ের ধাক্কায় কফির মগটি হঠাৎ তার জামার উপর পড়ে গেল। বাড়িতে এসে সুমি তার জামাটি ধুয়ে দিতে চাইল। কিন্তু সুমির মা সুমিকে জামাটি ধোয়ার আগে কতগুলো ধাপ অনুসরণ করতে বললেন।

ক. একটি তীব্র অপসারকের নাম লেখ। ১

খ. কাদার দাগ অপসারণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২

গ. সুমি কীভাবে তার জামাটি পরিষ্কার করবে? বর্ণনা কর। ৩

ঘ. কাপড় ধোয়ার পূর্ব প্রস্তুতি হিসেবে সুমির মায়ের পরামর্শটি আলোচনা কর। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. হাইড্রোক্লোরিক এসিড একটি তীব্র অপসারক।

খ. কাদার দাগ সাধারণত সাবান পানিতেই ওঠে যায়। তবে যদি না

ওঠে সেৰেত্রে পটাসিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণ এবং অক্সসালিক এসিডের দ্রবণে ভিজিয়ে কাপড় পরিষ্কার করতে হয়।

গ. সুমি রেশমি বস্ত্র ধৌতকরণের নিয়ম অনুসরণ করে তার জামাটি পরিষ্কার করবে। কারণ যে কোনো পোশাক ধোয়ার পূর্বে পোশাকের তন্তু সম্পর্কে জেনে সেই অনুযায়ী পরিষ্কার সামগ্রী ব্যবহার করাতে হয়। রেশমি বস্ত্র অনেকৰণ ভিজিয়ে রাখতে হয় না। তবে বেশি ময়লাযুক্ত রেশমি বস্ত্র হালকা গরম পানি ও মৃদু সাবান দিয়ে ভিজিয়ে রাখলে পরিষ্কার করতে সুবিধা হয়। তবে ধোয়ার পূর্বে পোশাক থেকে অবাঞ্ছিত দাগ তোলা খুবই জরবরি। উদ্দীপকে সুমির জামায় কফির দাগ লেগেছে সেই স্থানটি হাইড্রোজেন পার অক্সাইড দ্রবণে ভিজিয়ে প্রথমে দাগ তুলে ফেলতে হবে। তারপর জামাটি ঝাড়া দিয়ে এর আলগা ময়লা যতদুর সম্ভব দূর করবে। জামাটি ধোয়ার জন্য হালকা গরম পানি এবং তরল ও মৃদু সাবান ব্যবহার করবে। ময়লা দুর হলে বস্ত্রটি হালকা গরম পানিতে কয়েকবার ধুয়ে সবশেষে ঠান্ডা পানি দিয়ে ধুয়ে নিবে।

ঘ. কাপড়ের প্রকৃতিভেদে কাপড় ধৌতকরণ পদ্ধতি ভিন্ন হয়। তাই কাপড় ধৌতকরণের পূর্বে কতগুলো পর্যায় অবলম্বন করলেন তা কাজকে সহজ করে। সুমির মা সুমিকে কাপড় ধোয়ার কাজটি সুষ্ঠু ও দৰতার সাথে সম্পন্ন করার জন্য ধোয়ার পূর্বপ্রস্তুতি হিসেবে কতগুলো ধাপ অনুসরণ করতে বললেন। এ ধাপগুলো পর্যায়ক্রমে নিচে বর্ণনা করা হলো :

১. লেবেল দেখে তন্তু শনাক্ত করে নিলে কাপড় পৃথক ও বাছাই করা সহজ হয়। এছাড়া ময়লার তারতম্য ভেদে কাপড় বাছাই করে নিতে হয়।
২. বস্ত্রাদি ব্যবহারের ফলে ফেঁসে গেলে তা মেরামত করে নেওয়া।
৩. দাগ অপসারণ করে কী দিয়ে কাপড় ধোয়া হবে যেমন: সাবান, সোডা ইত্যাদি নির্বাচন করা।
৪. যে সকল সরঞ্জাম প্রয়োজন তার জোগাড় করা। এ সকল ধাপ অতিক্রম করে কীভাবে কাপড় ধৌত করবে তার পরিকল্পনা শেষ করে সুমি কাপড় ধোয়া শুরব করবে।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রাইম শীতে পরার জন্য আলমারি থেকে কিছু কাপড় বের করল। এ কাপড়গুলো খুব যত্ন করে ব্যবহার করতে হয়। অতি রোদে রং জ্বলে যায়। বেশি ভেজালে সংকুচিত হয়ে যায়। এ জন্য রাইমা খুব সাবধানতার সাথে ধোয়া ও ইস্ত্রির কাজ করে। উল্টো দিকে চেপে পাতলা সুতির কাপড় দিয়ে হালকা গরম ইস্ত্রি ব্যবহার করে।

ক. কোন ইস্ত্রিতে তাপ নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকে? ১
খ. পোশাক ধৌতকরণ বলতে কী বোঝ? ২
গ. রাইমা তার শীতের পোশাকগুলো কীভাবে ইস্ত্রি করেন? বর্ণনা কর। ৩
ঘ. রাইমার উক্ত কাপড় ধৌতকরণে সতর্কতা অবলম্বন করার কারণ কী? বিশেৱষণ কর। ৪

### ▸◂ ৬নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ইলেকট্রিক ইস্ত্রিতে তাপ নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকে।

খ. পোশাক মানুষের অন্যতম মৌলিক চাহিদা। পরিচ্ছন্নতার অভাবে মূল্যবান পোশাকও শ্রীহীন হয়ে পড়ে এবং অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করে। তাই পোশাক ধৌতকরণের প্রয়োজন হয়। পোশাক ধৌতকরণ বলতে পানি ও পরিষ্কারক দ্রব্য যেমন : সাবান, ডিটারজেন্ট সহযোগে কেঁচে পরিষ্কার পানিতে ভাসিয়ে নিংড়ে সাবান পানি বের করে শুকিয়ে পরিচ্ছন্ন করে নেওয়াকে বোঝায়। পোশাক ধৌতকরণের মাধ্যমে পোশাকের সৌন্দর্য ও ঔজ্জ্বল্য বৃদ্ধি করা যায়।

গ. রাইমা শীতে পশমি বস্ত্রের কাপড় ব্যবহার করে। পশমি বস্ত্র অপেৰাকৃত মূল্যবান। তাই এ ধরনের বস্ত্র ইস্ত্রি করার ৰেত্রে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হয়। তাছাড়া তন্তুর প্রকৃতি ও কাপড়ের লেবেল অনুযায়ী ইস্ত্রি করার ৰেত্রে ভিন্ন ভিন্ন নিয়ম পালন করা হয়। এতে কাপড়ের পারিপাট্য ও চাকচিক্য বৃদ্ধি পায়। রাইমা তার পশমি কাপড় সামান্য ভেজা থাকতেই অল্প গরম ইস্ত্রি ব্যবহার করে ইস্ত্রি করেন। এৰেত্রে তিনি কাপড় উল্টো দিক করে নেন ও একটি পাতলা সুতির কাপড় ওপর বিছিয়ে নেন। কখনো গরম ইস্ত্রি ব্যবহার করেন না।

ঘ. বস্ত্র ধোয়ার আগে তন্তু সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক। বস্ত্র ধোয়ার জন্য অবশ্যই কতগুলো পর্যায় অতিক্রম করতে হয়। এক এক কাপড়ের যন্ত্র এককেভাবে নিতে হয়। রাইমা পশমি কাপড় ধৌতকরণে বিশেষ সাবধানতা অবলম্বন করেন। কারণ এ কাপড় বেশ মূল্যবান। ধুলোবালি বা ময়লা অত্যন্ত গভীরভাবে এসব বস্ত্রে বসতে পারে না। এছাড়া এ কাপড় বেশ নমনীয় হয়। রাইমা পশমি কাপড় ধৌতকরণে সতর্কতা অবলম্বন করেন কারণ নমনীয়তার কারণে অনেকৰণ ভিজিয়ে রাখলে এ ধরনের বস্ত্র শক্ত ও সংকুচিত হয়ে যায়। তিনি সাবধানে কাপড়ের পানি নিষকাশন করেন নতুবা জোরে নিংড়ালে তন্তুগুলো ছিঁড়ে যেতে পারে। কড়া রোদে দিলে রং জ্বলে যেতে পারে। তাই পশমি কাপড় ধোয়ার ৰেত্রে তিনি সাবধানতা অবলম্বন করেন।

**প্রশ্ন –৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

একদিন শেলী বারান্দায় দাঁড়িয়ে চা খাচ্ছিল। হঠাৎ পিছনে থেকে তার ছোট ভাই দৌড়ে এসে ধাক্কা দিলে কাপ থেকে চা পড়ে তার লিনেন কাপড়ের জামাটি ভিজে যায়। শেলী তার জামার চায়ের দাগ অপসারণে বোরাক্স দ্রবণ, লেবুর রস ব্যবহার করেন। তারপর জামাটি ধুয়ে তাতে ভাতের মাড় প্রয়োগ করেন। তবে পশমি কাপড়ে তিনি লেবুর রস, ভিনেগার, লবণ ব্যবহার করেন।

ক. পশমি কাপড়ে কোন ধরনের সাবান ব্যবহার করা নিষিদ্ধ? ১
খ. কাপড় মেরামত বলতে কী বোঝ? ২
গ. চায়ের দাগ অপসারণে শেলীর ব্যবহৃত পদ্ধতিটি বর্ণনা কর। ৩
ঘ. শেলী পশমি কাপড়ে মাড় হিসেবে যেসব উপকরণ ব্যবহার করে তার উপযোগিতা মূল্যায়ন কর। ৪

### ▸◂ ৭নং প্রশ্নের উত্তর ▸◂

ক. পশমি কাপড়ে অতিরিক্ত ৰার জাতীয় সাবান ব্যবহার করা নিষিদ্ধ।

খ. কাপড় ব্যবহারের ফলে ফেঁসে যাওয়া বা বোতাম ছিঁড়ে যাওয়া ইত্যাদি হতে পারে। পরিষ্কার করার আগে কাপড়ে রিফু, তালি বা সেলাইয়ের মাধ্যমে যে কাজটি করা হয় তাকে কাপড় মেরামত বলে।

গ. চায়ের দাগ অপসারণে শেলী কাপড় থেকে চা ও কফির দাগ তোলার পদ্ধতিটি অনুসরণ করেন। সুতি ও লিনেন বস্ত্রে চা বা কফির দাগ লাগলে দাগযুক্ত স্থানটি বোরাক্স দ্রবণ বা লেবুর রস মেখে রোদে শুকানো হয়। এছাড়া ফুটন্ত পানি ১ থেকে ৩ ফুট উপর থেকে ধীরে ধীরে ঢাললেও এই দাগ অপসারণ হয়। তবে রেশমি ও পশমি বস্ত্রে চা বা কফির দাগ লাগলে হাইড্রোজেন পার অক্সাইড দ্রবণে ভিজিয়ে স্পঞ্জ করে দাগ তোলা যায়। উদ্দীপকে লিনেন কাপড়ের জামা পরিহিত অবস্থায় চা খাওয়ার সময় শেলীর জামায় চায়ের দাগ লেগে যায়। জামাটি ধোয়ার আগেই শেলীকে দাগ অপসারণ করতে হবে। নতুবা দাগটি জামায় স্থায়ী হয়ে যাবে। তাই শেলী লিনেন কাপড় থেকে চায়ের দাগ তোলার সঠিক নিয়ম অনুসরণ করে তার জামার দাগযুক্ত স্থানটি বোরাক্স দ্রবণ বা লেবুর রস মেখে জামাটি রোদে শুকাতে দেন। ফলে ধীরে ধীরে তার জামা থেকে চায়ের দাগটি ওঠে যায়।

ঘ. প্রচলিত মাড়ের মধ্যে ভাতের মাড়ই উলেৱখযোগ্য। পোশাকে কাঠিন্য আনার জন্যে যা কিছুই ব্যবহার করা হয় তা হলো স্টার্চ বা শ্বেতসার জাতীয় পদার্থ। মাড় প্রয়োগ করলে পোশাকের চাকচিক্য, সৌন্দর্য, আরাম ও পারিপাট্য বৃদ্ধি পায়। মাড়ের আস্তরণ পোশাকে ময়লা দাগ লাগায় বাধার সৃষ্টি করে। শেলী পশমি কাপড়ে মাড় দেওয়ার পরিবর্তে পানি দিয়ে ধোয়ার সময় কয়েক ফোঁটা সাইট্রিক

এ্যাসিড বা লেবুর রস মিশিয়ে নেন। রঙিন বস্ত্রগুলোর ৰেত্রে ভিনেগার ও লবণ পানির সাথে মিশিয়ে নেন। এতে কাপড়ের উজ্জ্বলতা বৃদ্ধি পায়। তাই বলা যায় মাড়ের পরিবর্তে শেলী যে উপকরণ ব্যবহার করেন তা যথার্থ।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন -৮ ▸** মিসেস জামানের মেয়ের জামায় হলুদের দাগ লাগলে তা ধুতে দেরি হয়। এতে দাগ বসে যায়। মিসেস জামান সতর্কতার সাথে দাগ উত্তোলনের কাজ করেন। তিনি দাগের উৎস, কাপড়ের তন্তুর প্রকৃতি, দাগ অপসারকের ব্যবহার ও প্রভাব সম্পর্কে বিশেষ জ্ঞান রাখেন ও মেনে চলেন।

ক. একটি তীব্র অপসারকের নাম লেখো। ১
খ. কাদার দাগ অপসারণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২
গ. মিসেস জামান কীভাবে কাপড়ের দাগ তুলবেন ব্যাখ্যা কর। ৩
ঘ. মিসেস জামানের নেওয়া সতর্কতা সম্পর্কে আলোচনা কর। ৪

**প্রশ্ন -৯ ▸** কাপড়ের উজ্জ্বলতা ও পরিপাট্য আনয়নে শিলা কাপড়ে মাড় ব্যবহার করেন। তার আগে তিনি মাড় ছেঁকে নেন এবং পোশাক উল্টো করে বিভিন্ন কাপড়ের জন্যে ভিন্ন মাত্রায় ঠান্ডা মাড় ব্যবহার করেন। এছাড়া ইস্ত্রির মাধ্যমে তাপ প্রয়োগ করে কাপড়ের ভাঁজ ও কুঞ্চন দূর করেন।

ক. কোনটি পোশাকে ময়লা লাগায় বাঁধার সৃষ্টি করে? ১
খ. পোশাকে কাঠিন্য আনার জন্য কী জাতীয় পদার্থ ব্যবহার করা হয়? ২
গ. শিলা কীভাবে কাপড়ের ভাঁজ ও কুঞ্চন দূর করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিলা কাপড়ে মাড় দেওয়ার ব্যাপারে যেসকল বিষয় লৰ রাখেন তা আলোচনা কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ পোশাক মানুষের কারূপ চাহিদা?**
**উত্তর :** পোশাক মানুষের অন্যতম মৌলিক চাহিদা।

**প্রশ্ন ॥ ২ ॥ রঙিন রেশমি বস্ত্র ধোয়ার জন্য কী ব্যবহার করা যেতে পারে?**
**উত্তর :** রঙিন রেশমি বস্ত্র ধোয়ার জন্য রিঠা ব্যবহার করা যেতে পারে।

**প্রশ্ন ॥ ৩ ॥ পশমি কাপড় ধোয়ার জন্য কেমন পানি ব্যবহার করতে হয়?**
**উত্তর :** পশমি কাপড় ধোয়ার জন্য মৃদু গরম পানি ব্যবহার করতে হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ কাপড়ে কাঠিন্য ও চকচকে ভাব আনার জন্য কী দেওয়া প্রয়োজন?**
**উত্তর :** কাপড়ে কাঠিন্য ও চকচকে ভাব আনার জন্য মাড় দেওয়া প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৫ ॥ কোন কাপড় সব সময় ছায়ায় শুকাতে হয়?**
**উত্তর :** রেশমি কাপড় সবসময় ছায়ায় শুকাতে হয়।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ গৃহে পোশাক পরিচ্ছন্ন করার ফলে কী ধরনের সুবিধা হয়? ব্যাখ্যা কর।**
**উত্তর :** গৃহে পোশাক পরিচ্ছন্ন করার ফলে নানা রকম সুবিধা হয়। এর ফলে কাপড়ের রং ভালো থাকে। কাপড়ের তন্তু ৰতিগ্রস্ত হয় না। অর্থের অপচয় হয় না। ঘরে ধোয়া, শুকানো ও ইস্ত্রি করা হয় বলে প্রয়োজনের সময় সহজেই হাতের কাছে পরিচ্ছন্ন পোশাক পাওয়া যায়।

**প্রশ্ন ॥ ২ ॥ কীভাবে কালির দাগ অপসারণ করা যায়?**
**উত্তর :** সুতি ও লিনেন বস্ত্রে বলপেনের কালি হলে দাগ বরাবর কাপড়ের নিচে বরটিং পেপার রেখে দাগযুক্ত স্থানটিতে প্রথমে মেথিলেটেড স্পিরিট ও তুলার গোল বল দিয়ে স্পঞ্জ করে সাবান পানি দিয়ে ধুলে পরিষ্কার করতে হবে। জুতার কালিও একইভাবে অপসারণ করতে হবে। লেখার কালির দাগ লাগলে প্রথমে সাবান পানি দিয়ে ধুয়ে পরিষ্কার করতে হবে। এতে কালির দাগ দূর না হলে লঘু অক্সালিক এসিড বা এমোনিয়া দিয়ে পুনরায় ধুতে হবে।

**প্রশ্ন ॥ ৩ ॥ চা ও কফির দাগ অপসারণের উপায় লেখ।**
**উত্তর :** সুতি ও লিনেন বস্ত্রে চা ও কফির দাগ লাগলে দাগযুক্ত স্থানটিতে বোরাক্স দ্রবণ বা লেবুর রস মেখে রোদে শুকাতে হয়। এছাড়া ফুটন্ত পানি ১–৩ ফুট ওপর থেকে ধীরে ধীরে ঢাললেও এই দাগ দূর হয়। রেশমি ও পশমি বস্ত্রে দাগ লাগলে হাইড্রোজেন পার–অক্সাইড দ্রবণে ভিজিয়ে স্পঞ্জ করে পরিষ্কার করা যায়।

**প্রশ্ন ॥ ৪ ॥ পোশাক ধৌতকরণ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।**
**উত্তর :** পোশাক মানুষের অন্যতম মৌলিক চাহিদা। পরিচ্ছন্নতার অভাবে মূল্যবান পোশাকও শ্রীহীন হয়ে পড়ে এবং অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করে। তাই পোশাক ধৌতকরণের প্রয়োজন হয়। পোশাক ধৌতকরণ বলতে পানি ও পরিষ্কারক দ্রব্য যেমন : সাবান, ডিটারজেন্ট সহযোগে কেঁচে পরিষ্কার পানিতে ভাসিয়ে নিংড়ে সাবান পানি বের করে শুকিয়ে পরিচ্ছন্ন করে নেওয়াকে বোঝায়। পোশাক ধৌতকরণের মাধ্যমে পোশাকের সৌন্দর্য ও ঔজ্জ্বল্য বৃদ্ধি করা যায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ পোশাক ইস্ত্রি করার প্রয়োজন হয় কেন?**
**উত্তর :** পোশাক ধোয়ার পর তা কুঁচকিয়ে যায় এবং অমসৃণ হয়ে পড়ে। ফলে স্বাভাবিক ঔজ্জ্বল্য হারায়। পোশাকের সৌন্দর্য ও পারিপাট্য বাড়ানোর জন্য ইস্ত্রি করতে হয়। ইস্ত্রির মাধ্যমে তাপ ও চাপ প্রয়োগ করে ভাঁজ ও কুঞ্চন দূর করা হলে পোশাক চকচকে এবং পরিষ্কার দেখায়।